

২০২২

ষষ্ঠ সেমেস্টার
বাংলা - সাম্মানিক

পত্র : CC-13

(আধুনিক বাংলা কাব্য-কবিতা)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'নীলধ্বজের প্রতি জনা' পত্রিকায় জনা চরিত্রের দৃঢ়তা কীভাবে প্রকাশ পেয়েছে, আলোচনা করো। ১০
অথবা,
(খ) 'বীরঙ্গনা' কাব্যের নামকরণের সার্থকতা বিচার করো। ১০
- ২। (ক) 'সোনার তরী' কাব্যের 'সোনার তরী' কবিতাটি রূপক কবিতা হিসেবে কতখানি তাৎপর্য বহন করেছে, তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১০
অথবা,
(খ) নজরুল ইসলামের 'দারিদ্র্য' কবিতা অবলম্বনে কবির যন্ত্রণাদঙ্ক হৃদয়ের স্বরূপ উদ্ঘাটন করো। ১০
- ৩। (ক) অমিয় চক্রবর্তীর 'সংগতি' অবলম্বনে কবির সমন্বয়বোধের স্বরূপ সম্পর্কে আলোচনা করো। ১০
অথবা,
(খ) সুভাষ মুখোপাধ্যায়ের 'বধূ' কবিতাটির একটি বসগ্রাহী মূল্যায়ন করো। ১০
- ৪। (ক) 'দশরথের প্রতি কেকয়ী' পত্রিকাটিকে কি অনুযোগপত্র বলা যায়? জননী কেকয়ীর ভঙ্গিটি স্পষ্ট করো। ৫
অথবা,
(খ) 'দ্বারকানাথের প্রতি রুক্মিণী' পত্রে কি বৈষ্ণবীয় প্রেমের ছায়াপাত আছে? নিজের ভাষায় বিশ্লেষণ করো। ৫
- ৫। (ক) 'নিরুদ্দেশ যাত্রা' কবিতায় কবি কার কথা বলেছেন? সংক্ষেপে তার স্বরূপ পরিস্ফুট করো। ৫
অথবা,
(খ) 'অভিশাপ' কবিতা অবলম্বনে নজরুলের প্রেমভাবনার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

Please Turn Over

৬। (ক) 'রাত্রি' কবিতায় কলকাতার রাত্রি কীভাবে লিবিয়ার জঙ্গলের প্রতিক্রম হয়ে উঠেছে তা আলোচনা করে বুলিয়ে দাও। ৫

অথবা,

(খ) অমিতাভ দাশগুপ্তের 'আমার নাম ভারতবর্ষ' কবিতায় ভারতবর্ষের যে-ছবি আঁকা হয়েছে সংক্ষেপে তার স্বরূপ স্পষ্ট করো। ৫

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ৫×১

(ক) শূর্ণনখার প্রেম নিবেদন তার যন্ত্রণাদাক্ষ হৃদয়ের বহিঃপ্রকাশ। — আলোচনা করো।

(খ) 'বসুন্ধরা' কবিতায় কবির মর্ত্যপৃথিবীর প্রতি টান সম্পর্কে সংক্ষেপে লেখো।

(গ) কবিতা সিংহের 'বৃক্ষ' কবিতার মূল ভাব সংক্ষেপে পরিস্ফুট করো।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'বীরাসনা' কাব্যগ্রন্থটি মধুসূদন কাকে উৎসর্গ করেছিলেন?

(খ) "বন নির্বাসিনী দাসী নমে রাজপদে,/রাজেন্দ্র।"

— দাসী কে?

(গ) তারা-র স্বামীর নাম কী?

(ঘ) 'বীরাসনা' কাব্যে মোট ক'টি পত্র আছে?

(ঙ) 'থাকে যদি ধর্ম, তুমি অবশ্য ভুঞ্জিবে/এ কর্মের প্রতিফল!'— কার উদ্দেশ্যে এই উক্তি?

(চ) 'সোনার তরী' কাব্যগ্রন্থের সঙ্গে কোন নদী জড়িয়ে আছে?

(ছ) 'সোনার তরী' কাব্যগ্রন্থটির প্রকাশকাল লেখো।

(জ) 'বিদ্রোহী' কবিতাটি কবে প্রথম প্রকাশিত হয়েছিল?

(ঝ) 'দারিদ্র্য' কবিতাটি নজরুল ইসলামের কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ঞ) 'সঙ্কিতা' কাব্যগ্রন্থ নজরুল কাকে উৎসর্গ করেন?

(ট) 'হাইড্রান্ট' খুলে দিয়ে কুষ্ঠরোগী কী চেটে নেয়?

(ঠ) নিখিল নাস্তির মৌনে কবি কী ধ্বনিত করেছেন?

(ড) 'রাত্রি' কবিতায় কোন বিদুষী নারীর কথা বলা হয়েছে?

(ঢ) "অন্তরে লভেছি তব বাণী/তাই তো মানি না ভয়, জীবনেরই জয় হবে, জানি।"— কার উদ্দেশ্যে একথা বলা হয়েছে?

(ণ) 'বধু' কবিতায় লাঠি উঁচিয়ে কে আসছে?